চ্যান্সেলরের প্রবিধান

ধরন:	**শিক্ষার্থীবৃন্দ**	জারির তারিখ: X/XX/14	নম্বর:	**A-420**
বিষয়:	শিক্ষার্থীর আচরণ এবং নিয়মানুবর্তীতা - দৈহিক শাস্তি		পাতা:	1 মোট 1

পরিবর্তনসমূহের সারাংশ

এই **প্রবিধান**টি চ্যান্সেলারের জুলাই 19, 2013 তারিখের **প্রবিধান** A-420 কে হালনাগাদ করে এবং সেটির স্থালাভিষিক্ত হয়। এটি শিক্ষার্থীদের বিরুদ্ধে দৈহিক শাস্তির ব্যবহার সংজ্ঞায়িত এবং নিষিদ্ধ করে এবং প্রতিবেদন প্রদান এবং দৈহিক শাস্তির অভিযোগগুলির ক্ষেত্রে অনুসন্ধানের প্রয়োজনীয়তাগুলি নির্দিষ্ট করে।

পরিবর্তনসমূহ:

- অভিযুক্ত কর্মচারীর প্রতি শিক্ষার্থীর সাক্ষভিত্তিক বক্তব্যগুলি কখন প্রকাশ করা হবে সেই বিষয়ে ব্যাখ্যা প্রদান করে। (পৃষ্ঠা 4, বিভাগ VI.B.4; পৃষ্ঠা 5, বিভাগ VII.D. দেখুন)
- স্কুলভিত্তিক অনুসন্ধানের সময়কাল সম্পর্কে ব্যাখ্যা প্রদান করে। (পৃষ্ঠা 4, বিভাগ VI.C.দেখুন)

সারমর্ম

এটি শিক্ষার্থীদের বিরুদ্ধে দৈহিক শাস্তির ব্যবহার সংজ্ঞায়িত এবং নিষিদ্ধ করে এবং দৈহিক শাস্তির অভিযোগগুলির ক্ষেত্রে প্রতিবেদন প্রদান এবং অনুসন্ধানের পন্থাগুলি নির্দিষ্ট করে।

I. নীতি

A. এটি হল, বিদ্যালয়ে, স্কুল দ্বারা পরিচালিত শিক্ষাসফরগুলিতে এবং স্কুলভিত্তিক অন্যান্য অনুষ্ঠানগুলিতে এবং স্কুলের বাইরে যখন এই প্রকার স্কুলের বাইরের আচরণ শিক্ষা ব্যবস্থার বিঘ্ন ঘটায় অথবা সম্ভাব্যভাবে বিঘ্ন ঘটাতে পারে অথবা স্কুল গোষ্ঠীর স্বাস্থ্য, নিরাপত্তা, নীতি অথবা কল্যাণকে বিপদের সম্মুখীন করে অথবা সম্ভাব্যভাবে বিপদের সম্মুখীন করতে পারে, DOE কর্মচারী সদস্য, জিম্মাভিত্তিক কর্মচারী, ঠিকাদার, পরামর্শকারী, CBO কর্মী এবং অন্যদের দ্বারা শিক্ষার্থীদের বিরুদ্ধে দৈহিক শাস্তি রোধের উদ্দেশ্যে শিক্ষা বিভাগের (DOE) একটি নীতি।

B. একটি শিক্ষার্থীর বিঘ্নমূলক আচরনের বিরুদ্ধে আবশ্যিকভাবে কখনওই দৈহিক শাস্তির ব্যবহার করা যাবে না। স্কুলগুলি নির্দেশিকামূলক হস্তক্ষেপ, পিতামাতাদের সঙ্গে আলোচনা, এবং চ্যান্সেলারের প্রবিধান A-443 এবং DOE-এর নিয়ামানুবর্তীতার বিধি অনুসার বিঘ্নমূলক আচরণের মোকাবিলা করার দ্বারা একটি শিক্ষার্থীর বিঘ্নমূলক আচরণের মোকাবিলা করবে।

C. এই প্রবিধান লঙ্ঘনকারী যেকোন কর্মী নিয়মানুবর্তীতামূলক উপযুক্ত পদক্ষেপের বিষয়বস্তু হবেন।

II. সংজ্ঞার্থ

কোন একটি শিক্ষার্থীকে শাস্তি প্রদানের উদ্দেশ্যে শিক্ষার্থীটির বিরুদ্ধে শারীরিক শক্তি প্রয়োগমূলক যেকোন প্রকার কর্ম দৈহিক শাস্তি[1] হিসাবে সঙ্গায়িত। নিম্নলিখিত যেকোনটির উদ্দেশ্যে ব্যবহৃত যুক্তিসংগত দৈহিক শক্তি দৈহিক শাস্থির অন্তর্ভুক্ত হয় না:

- নিজেকে শারীরিক আঘাত থেকে রক্ষা করা;
- অন্য কোন একটি শিক্ষার্থী অথবা শিক্ষক অথবা অন্য যেকোন ব্যক্তিকে শারীরিক আঘাত (উদাহরণস্বরূপ, অতিরিক্ত শক্তির ব্যবহার না করেই একটি শারীরিক বিবাদ ভঙ্গ করা) থেকে রক্ষা করা;
- স্কুলের অথবা অন্য ব্যক্তির সম্পদ রক্ষা করা; অথবা
- একটি শিক্ষার্থীকে, যার আচরণটি স্কুল ডিস্ট্রিক্ট কার্যক্রমগুলির নিয়মানুগ অভ্যাস এবং সম্পাদনে বিঘ্ন সৃষ্টি করছে, বারণ করা অথবা সরিয়ে দেওয়ার জন্য শক্তি, অথবা দায়িত্বসমূহ যদি শিক্ষার্থীটি অতিরিক্ত বিঘ্নমূলক কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য একটি অনুরোধ মানতে অস্বীকার করে, এবং বৈকল্পিক প্রক্রিয়া এবং পন্থাসমূহ, যেগুলিতে শারীরক শক্তি প্রয়োগ বিজড়িত থাকেনা, উপরে নির্দিষ্ট উদ্দেশ্যগুলি অর্জনের জন্য যুক্তিসংগতভাবে প্রয়োগ করা যাবে না।

[1] এই প্রবিধানটি মৌখিক কটুক্তিগুলিকে নিয়ন্ত্রণ করে না। মৌখিক কটুক্ত সংজ্ঞায়িত হয় এই প্রকারে: সেই ভাষা যেটি: (1) হীন অনুভব করায়, লজ্জা প্রদান করে অথবা শিক্ষার্থীদের মজার বিষয়বস্তু করে; অথবা (2) একটি শিক্ষার্থীর শিক্ষাগত কর্মক্ষমতা অথবা একটি শিক্ষামূলক কার্যক্রম, বিদ্যালয় দ্বারা ব্যবস্থাপিত কার্যকলাপ অথবা শিক্ষার্থীটির শিক্ষা সম্পর্কিত অন্য যেকোন প্রকার বিষয়ে অংশগ্রহণে অথবা সেগুলি থেকে সুবিধা গ্রহণের সক্ষমতায় অযৌক্তিকভাবে প্রভাবিত এবং উল্লেখযোগ্যভাবে বিঘ্ন প্রদান করে অথবা ভবিষ্যতে করতে পারে; অথবা (3) একটি শিক্ষার্থী মানসিক, আবেগগত অথবা শারীরিক কল্যাণ অযৌক্তিকভাবে প্রভাবিত এবং উল্লেখযোগ্যভাবে বিঘ্ন প্রদান করে অথবা ভবিষ্যতে করতে পারে; অথবা (4) একটি শিক্ষার্থীর শারীরিক নিরাপত্তা সম্পর্কিত ভীতির যুক্তিসংগত কারণ ঘটায় অথবা ভবিষ্যতে ঘটানোর জন্য প্রত্যাশিত হয়; অথবা (5) একটি শিক্ষার্থীর শারীরিক আঘাত অথবা আবেগগত ক্ষতির যুক্তিসংগত কারণ হয় অথবা ভবিষ্যতে ঘটানোর জন্য প্রত্যাশিত হয়। প্রবিধান A-421-এ মৌখিক কটুক্তি সম্পর্কে প্রতিবেদন প্রদানের পন্থাগুলি নির্দিষ্ট করা হয়েছে।

III. কর্মীদের প্রতি বিজ্ঞপ্তি

কে আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে যে অ-নির্দেশনাভিত্তিক কর্মী সহ, সকল কর্মী সদস্য, দৈহিক শাস্তির বিষয়ে DOE-এর নীতি এবং প্রবিধানগুলির সম্পর্কে তথ্য প্রদত্ত। প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত, আবশ্যিকভাবে কমপক্ষে:

A. প্রত্যেক স্কুলবর্ষের শুরুতে সকল কর্মীর সঙ্গে এই প্রবিধানটির গুরুত্ব সম্পর্কে পর্যালোচনা করবেন, প্রত্যেক কর্মী সদস্যের নিকট এই অধিনিয়মের একটি প্রতিলিপ বিতরণ করবেন, এবং প্রত্যেক কর্মী সদস্যের থেকে এটির প্রাপ্তিস্বীকার ভিত্তিক একটি স্বাক্ষর সংগ্রহ করবেন;

B. স্কুলবর্ষ শুরুর পরে যোগদার করা প্রত্যেক কর্মী সদস্যে সঙ্গে এই প্রবিধানটির গুরুত্ব সম্পর্কে পর্যালোচনা করবেন, তাঁকে এই প্রবিধানের একটি প্রতিলিপি প্রদান করবেন, এবং কর্মী সদস্যের থেকে এটির প্রাপ্তিস্বীকার ভিত্তিক একটি স্বাক্ষর সংগ্রহ করবেন; এবং

C. স্কুলবর্ষটিতে প্রয়োজনের ভিত্তিতে এই প্রবিধানটি পুনর্বিতরণ করবেন এবং/অথবা এটির বিষয়ে প্রকৌশলগত সহায়তা প্রদান করবেন।

IV. দৈহিক শাস্তির অভিযোগ সম্পর্কে প্রতিবেদন প্রদান করা

A. কর্মী সদস্যের দায়সমূহ

দৈহিক শাস্তির চাক্ষুষকারী যেকোন কর্মী সদস্যের, যাঁর নিকট একটি শিক্ষার্থীর দৈহিক শাস্তির শিকার হওয়া সম্পর্কে জ্ঞান অথবা তথ্য আছে, অথবা যিনি সেই সম্পর্কে একটি তথ্য প্রাপ্ত হন, দায়িত্ব হল একটি স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তের নিকট দোষারাপটি সম্পর্কে মৌখিকভাবে প্রতিবেদন প্রদান করা। মৌখিক প্রতিবেদন প্রদানের দুটি স্কুল দিবসের মধ্যে, কর্মী সদস্যটিকে আবশ্যিকভাবে:

1. DOE-এর অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম ("OORS")-এ উপলব্ধ একটি সাক্ষমূলক বক্তব্য সম্পূর্ণ করার দ্বারা প্রিন্সিপ্যাল/দায়িত্ব প্রাপ্তের নিকট এটি লিখিত প্রতিবেদন প্রদান করতে হবে অথবা

2. অফিস অফ স্পেশাল ইনভেস্টিগেশান ("OSI")-এর সরাসরি অনলাইনে একটি প্রতিবেদন জমা দিতে হবে। (নিচে বিভাগ IV.B.2. দেখুন)।

যদি দৈহিক শাস্তির অভিযোগটি প্রিন্সিপ্যালের বিরুদ্ধে হয়, তাহলে, কর্মী সদস্যের দৈহিক শাস্তিটি সম্পর্কে OSI-এর অনলাইন প্রতিবেদন প্রদানের ব্যবস্থাটি ব্যবহারে দ্বারা সরাসরি প্রতিবেদন প্রদান করা প্রয়োজন (নিচে বিভাগ খ দেখুন)।

B. প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্তের দায়সমূহ

প্রিন্সিপ্যাল[2] অথবা দায়িত্বপ্রাপ্ত, অভিযোগটি সম্পর্কে জ্ঞাত হওয়ার 24 ঘন্টার মধ্যে আবশ্যিকভাবে নিম্নলিখিত পন্থাগুলির মধ্যে একটির মাধ্যমে, DOE কর্মচারী সদস্য, জিম্মাভিত্তিক কর্মচারী, ঠিকাদার, পরামর্শকারী, CBO কর্মী এবং অন্যদের দ্বারা শিক্ষার্থীদের দৈহিক শাস্তির সকল অভিযোগগুলির সম্পর্কে OSI-এর নিকট তাত্ক্ষণিক প্রতিবেদন প্রদান করবেন:

1. তথ্যটি OORS-এ নিবেশ করা; অথবা

2. তথ্যটি, https://www.nycenet.edu/offices/osi/CPR_Form/form.aspx তে, OSI-এর প্রতিবেদন প্রদানের ব্যবস্থায় নিবেশ করা, অথবা (718) 935-3800 নম্বরে OSI-এ ফোন করা।

যদি প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি OORS সিস্টেমে দৈহিক শাস্তির একটি অভিযোগ অন্তর্ভুক্ত করেন, তাহলে তিনি স্বয়ংক্রিয়ভাবেই OSI-এর অনলাইন প্রতিবেদন প্রদান ব্যবস্থায় প্রবেশ করবেন।

[2] এই প্রবিধানের উদ্দেশ্যে ব্যবহারের ক্ষেত্রে, প্রিন্সিপ্যাল প্রতিশব্দটি সাইট সুপারভাইজারদের প্রতিও উল্লেখ করে। সাইট সুপারভাইজার প্রতিশব্দটি, সম্ভাব্য দৈহিক শাস্তির ঘটনায় জড়িত থাকা DOE কর্মীর প্রতি পর্যবেক্ষণমূলক ভূমিকায় কর্মরত একজন ব্যক্তির প্রতি প্রযোজ্য হয়।

প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিটির OSI-এর নিকটও পৃথকভাবে অভিযোগটি সম্পর্কে প্রতিবেদন প্রদানের প্রয়োজন নাই।

C. OSI-এর অনলাইন প্রতিবেদন প্রদান ব্যবস্থায় দৈহিক শাস্তির একটি প্রতিবেদন গৃহীত হলে, সেই ব্যবস্থাটি স্বয়ংক্রিয়ভাবে একটি সমর্থনমূলক সংখ্যা ("OSI সংখ্যা") সৃষ্টি করবে। প্রতিবেদনের ঘটনাটি সম্পর্কিত পরবর্তী সকল যোগাযোগের ক্ষেত্রে OSI সংখ্যাটি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

D. পিতামাতা ও শিক্ষার্থীরা, সন্তানের স্কুলের প্রিন্সিপ্যাল/দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিটির কাছে, OSI-এর অনলাইন রিপোর্টিং সিস্টেমে OSI-কে সরাসরি, অথবা (718) 935-3800 এই নম্বরে OSI-এর সঙ্গে যোগাযোগ করে দৈহিক শাস্তি সম্পর্কিত একটি অভিযোগ প্রদান করতে পারেন।

E. OSI, গ্রহণ, মূল্যায়ন, পর্যালোচনা, অনুসরণ এবং DOE-এর অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যলয় এবং অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের প্রতি দৈহিক শাস্তির বিষয়ে অভিযোগ সম্পর্কিত তথ্য বিতরণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত। OSI-এর নিকট একটি প্রতিবেদন প্রদানের পরে, প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিটি, OSI-এর থেকে অগ্রসর হওয়ার পন্থা সম্পর্কে নির্দেশনা না পাওয়া পর্যন্ত পুলিশ অথবা স্পেশাল ইনভেসইগেশন কমিশনারের অফিসে ("SCI")-এর সঙ্গে যোগাযোগ করা ব্যতীত অতিরিক্ত কোন প্রকার অনুসন্ধানমূলক পদক্ষেপ গ্রহণ করবে না।

F. যদি অভিযোগটি, সম্ভাব্য নিপীড়িতের পিতামাতা ব্যতীত অন্য কোন ব্যক্তির দ্বারা জমা করা হয়ে থাকে, তাহলে প্রিন্সিপ্যাল আবশ্যিকভাবে সম্ভাব্য নিপীড়িতের পিতামাতাকে জানাবেন যে একটি অভিযোগ জমা করা হয়েছে।

G. OSI অনলাইন প্রতিবেদন প্রদানের ব্যবস্থা ব্যবহারের মাধ্যমে বেনামেও অভিযোগুলি জমা করা যেতে পারে।

V. অনুসন্ধান চলাকালীন কর্মচারীটির অপসারণ

দৈহিক শাস্তির বিষয়ে একটি অনুসন্ধান চলাকালীন, শিক্ষার্থীদের স্বাস্থ্য, কল্যাণ, এবং নিরাপত্তা এবং অনুসন্ধানটির সততা সুরক্ষিত করা উদ্দেশ্যে নিচে নির্ধারিত নিয়ম অনুসারে, বিশেষ কর্মচারীটিকে তাঁর শিক্ষার্থীদের প্রতি তাঁর দায়িত্ব থেকে অপসারিত করা হতে পারে।

A. দৈহিক শাস্তির বিষয়ে একটি অভিযোগ প্রাপ্তির পর, OSI অনুসন্ধানটি সম্পূর্ণ হওয়া পর্যন্ত কর্মচারীটির অপসারণ সম্পর্কে সুপারিশ প্রদান করবেন। যদি OSI প্রাথমিকভাবে অপসারণের জন্য সুপারিশ না করেন, তাহলে প্রিন্সিপ্যাল, সিনিয়ার ফিল্ড কাউন্সেল এবং জেনারেল কাউন্সেলের কার্যালয়ের আইন বিষয়ক কর্মকর্তার পর্যালোচনার বিষয়বস্তু হিসাবে অপসারণের জন্য অনুরোধ জানাতে পারেন।

B. কর্মচারীটির অপসারণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণকালে, নিম্নলিখিতগুলির বিবেচনা করা হবে: কথিত আচরণের তীব্রতা; অভিযুক্ত কর্মচারীর পূর্ববর্তী নথিসমূহ; অভিযোগগুলির প্রমাণিত হওয়ার ক্ষেত্রে সম্ভাব্য নিয়মানুবর্তীতামূলক পদক্ষেপসমূহ; বিশেষ ব্যক্তিটির শিক্ষার্থীদের সংস্পর্শে আসার প্রকৃতি এবং পৌনঃপুনিকতা; এবং অন্যান্য যোকোন প্রাসঙ্গিক উপাদানসমূহ।

C. যদি কোন কর্মচারীকে, দৈহিক শাস্তির অনুসন্ধান সম্পূর্ণ হওয়া পর্যন্ত তাঁর দায়িত্ব থেকে অপসারিত করা হয়, তাহলে প্রিন্সিপ্যাল কর্মচারীটিকে, লিখিত আকারে, তাঁর অপসারণের তারিখ থেকে অনধিক পাঁচটি স্কুল দিবসের মধ্যে অনুসন্ধানের প্রকৃতি সম্পর্কে জানাবেন।

VI. অনুসন্ধান

A. দৈহিক শাস্তির অভিযোগগুলি হয় OSI অথবা যে স্কুলটিতে ঘটনাটি ঘটেছে সেই স্কুলটি দ্বারা অনুসন্ধান পরিচালিত করা হবে। OSI-দ্বারা দৈহিক শাস্তির একটি প্রতিবেদন প্রাপ্তির পরে, OSI প্রিন্সিপ্যালকে জানাবেন যে OSI অনুসন্ধানটি পরিচালিত করবেন নাকি প্রিন্সিপ্যাল আবশ্যিকভাবে একটি স্কুল-ভিত্তিক অনুসন্ধান ("SBI") পরিচালিত করবেন।

1. সকল DOE কর্মচারীদের দৈহিক শাস্তি বিষয়ক অনুসন্ধানের ক্ষেত্রে সহযোগিতা করা, এবং একটি স্বাক্ষাত্কারের উদ্দেশ্য সমন প্রাপ্তিতে উপস্থিত হওয়া প্রয়োজন। যদি OSI-এর দ্বারা অনুরোধ করা হয়, তাহলে প্রিন্সিপ্যাল আবশ্যিকভাবে স্কুলের কর্মচারীদের স্বাক্ষাত্কার আয়োজনে এবং পরিচালনে OSI-এর সঙ্গে সহযোগীতা, এবং অনুরোধকৃত নথিপত্র উপলব্ধ করবেন।

2. যদি প্রিন্সিপ্যাল একটি SBI-এর আয়োজনের জন্য নির্দেশিত হন, তাহলে সিনিয়ার ফিল্ড কাউন্সেল প্রিন্সিপ্যালের নিকট পথনির্দেশিকাসমূহ প্রদান করবেন। (বিভাগ VI.C দেখুন)

3. যদি, অনুসন্ধানটি চলাকালীন, এই প্রকার বিশ্বাসের যুক্তিসংগত সন্দেহের অবকাশ থাকে যে সেখানে একটি যৌন প্রকৃতির শারীরিক নিপীড়নের ঘটনা ঘটেছে অথবা একটি অপরাধমূলক কর্ম করা হয়েছে, তাহলে আবশ্যিকভাবে নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ এবং অনুসন্ধানের বিশেষ কমিশনারের ("SCI") সঙ্গে তাত্ক্ষণিকভাবে যোগাযোগ করতে হবে, এবং অতিরিক্ত তথ্য না পাওয়া পর্যন্ত অনুসন্ধানটি আবশ্যিকভাবে বন্ধ থাকবে।

B. ঘটনাটি সম্পর্কে অনুন্ধানটি OSI অথবা স্কুলটি যার দ্বারাই হোক, আবশ্যিকভাবে নিম্নলিখিত অনুসন্ধানমূলক পদক্ষেপগুলি গ্রহণ করতে হবে:[3]

1. যথা শীঘ্র সম্ভব, তথাকথিত নিপীড়িত এবং শিক্ষার্থী/কর্মী সাক্ষীদের পৃথক সাক্ষাৎকার এবং তাদের লিখিত বক্তব্যগুলি গ্রহণ করতে হবে।[4]

---

[3] http://schools.nyc.gov/Offices/GeneralCounsel/Legal/SFC/default.htm-তে অনুসন্ধানমূলক বিস্তারিত পদক্ষেপগুলি পাওয়া যাবে।

[4] শিক্ষার্থী সাক্ষীদের সাক্ষাত্কারগুলির জন্য পিতামাতার নিকট বিজ্ঞপ্তি অথবা অনুমোদনের প্রদানের প্রয়োজন হয় না। যদি একজন পিতামাতা উপস্থিত না থাকেন, তাহলে প্রিন্সিপ্যাল, একজন অবিজড়িত প্রশাসক অথবা কর্মী সদস্যের, যেমন একজন সহকারী প্রিন্সিপ্যাল, ডিন, সোশ্যাল ওয়ার্কার অথবা গাইডেন্স কাউন্সেলার, উপস্থিতিতে সাক্ষাত্কারটি পরিচালিত করতে পারেন।

2. অভিযুক্ত কর্মীটিকে দৈহিক শাস্তি সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে একটি সাক্ষাৎকারে, তাঁর ইউনিয়নের প্রতিনিধিসহ উপস্থিত হওয়ার জন্য 48 ঘন্টার লিখিত বিজ্ঞপ্তি প্রদান। 48 ঘন্টার বিজ্ঞপ্তি এবং ইউনিয়নের প্রতিনিধিত্বের অধিকার সম্পর্কিত বিজ্ঞপ্তি পাওয়া যাবে নিচের ওয়েবসাইটে: http://schools.nyc.gov/Offices/GeneralCounsel/Legal/SFC/default.htm.

3. যদিনা কর্মচারীটি তাঁর 48 ঘন্টার বিজ্ঞপ্তি প্রাপ্তির এবং/অথবা ইউনিয়নের উপস্থাপনার অধিকারটির আইনি স্বত্ব পরিত্যাগ না করেন, ইউনিয়নের উপস্থাপনা বিহীনভাবে অথবা কর্মচারীটির দ্বারা লিখিত বিজ্ঞপ্তি প্রাপ্তির 48 ঘন্টা পূর্বে অনুসন্ধানমূলক সাক্ষাৎকারটি পরিচালিত না-ও হতে পারে। এমন পরিস্থিতিতে কর্মচারীকে, http://schools.nyc.gov/Offices/GeneralCounsel/Legal/SFC/default.htm ওয়েবসাইটে লভ্য আইনি স্বত্ব ত্যাগের নথিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

4. অভিযুক্ত কর্মীর সঙ্গে সাক্ষাৎকার। আলোচনাটিতে, কর্মচারীটির প্রতি আবশ্যিকভাবে দৈহিক শাস্তির বিষয়ে একটি ব্যাখ্যা এবং একটি বক্তব্য উপস্থাপনার সুযোগ প্রদান করতে হবে।

   a. যদি অভিযুক্ত কর্মচারীটি শিক্ষার্থীর সাক্ষমূলক বক্তব্যটি, অথবা প্রাপ্ত বয়স্কদের সাক্ষীদের বিবৃতিসমূহ, যেগুলিতে নির্দিষ্ট-শিক্ষার্থীভিত্তিক তথ্য বিদ্যমান, সেগুলি পর্যোলাচনার একটি সুযোগের জন্য অনুরোধ করেন, তাহলে কর্মচারীটিকে আবশ্যিকভাবে পর্যালোচনার একটি সুযোগ প্রদান করতে হবে এবং ইউনিয়নের প্রতিনিধির উপস্থিতিতে (যেখানে এই প্রকার একটি উপস্থাপনা বিদ্যমান থাকে) এই প্রকার একটি গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর করতে হবে যে তিনি বক্তব্যগুলির অন্তর্ভুক্ত বিষয়বস্তুগুলি প্রকাশ করবেন না এবং বক্তব্য প্রদানকারী(দের) প্রতি কোন প্রকার বিদ্বেষমূলক পদক্ষেপ গ্রহণ করবেন না। ইউনিয়নের প্রতিনিধিদেরও আবশ্যিকভাবে পর্যালোচনা এবং গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষরের সুযোগ প্রদান করতে হবে। গোপনীয়তার স্বীকৃতিটি http://schools.nyc.gov/Offices/GeneralCounsel/Legal/SFC/default.htm ওয়েবসাইটে পাওয়া যাবে। অনুরোধের ভিত্তিতে গোপনীয়তার স্বীকৃতির কপি অবশ্যই অভিযুক্ত কর্মচারী এবং/অথবা ইউনিয়নের প্রতিনিধিদের নিকট প্রদান করতে হবে।

      i. যদি, অনুসন্ধান চালাকালীন, অভিযুক্ত কর্মচারী এবং ইউনিয়নের প্রতিনিধি গোপনীয়তার স্বীকৃতিতে স্বাক্ষর করেন, তাহলে কর্মচারীটি অথবা ইউনিয়নের প্রতিনিধির নিকট সাক্ষভিত্তিক সকল বক্তব্যগুলি অসম্পাদিত আকারে প্রদর্শিত হবে। কর্মচারীটি এবং তাঁর ইউনিয়নের প্রতিনিধিরা যেকোন এবং সকল সাক্ষভিত্তিক বক্তব্যগুলি লিপিবদ্ধ করে নেওয়ার জন্য অনুমোদিত হবেন কিন্তু এই প্রকার সাক্ষভিত্তিক বক্তব্যগুলি কোন প্রকার প্রতিলিপি রাখার জন্য অনুমোদিত হবেন না।

      ii. যদি, অনুসন্ধান চালাকালীন, অভিযুক্ত কর্মচারীটি, গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর না করার সিদ্ধান্ত নেন, তাহলে সেগুলি প্রদর্শনের পূর্বে নিপীড়িত শিক্ষার্থীর বক্তব্য, শিক্ষার্থীদের সাক্ষমূলক বক্তব্য, এবং বরিষ্ঠ সাক্ষমূলক বক্তব্যগুলি থেকে নিপীড়িতটির ব্যতীত অন্য যেকোন শিক্ষার্থীর ব্যক্তিগতভাবে চিহ্নিতকরণযোগ্য সকল তথ্য সম্পাদিত করতে হবে। অভিযুক্ত কর্মচারীটির প্রতি সকল সাক্ষমূলক বক্তব্যগুলি সম্পাদিত আকারে প্রদর্শিত হবে। কর্মচারীটি এবং তাঁর ইউনিয়নের প্রতিনিধিরা এই প্রকার সম্পাদিত সাক্ষভিত্তিক বক্তব্যগুলি লিপিবদ্ধ করে নেওয়ার জন্য অনুমোদিত হবেন কিন্তু এই প্রকার সাক্ষভিত্তিক বক্তব্যগুলি কোন প্রকার প্রতিলিপি রাখার জন্য অনুমোদিত হবেন না। নিয়মানুবর্তীতার সভায়ে উপস্থিত সকল অভিযুক্ত কর্মচারীবৃন্দ এবং তাঁদের ইউনিয়নের প্রতিনিধিরা যেকোন প্রকার নিয়মানুবর্তীতামূলক পদক্ষেপ প্রয়োগের পূর্বে সকল সাক্ষভিত্তিক বক্তব্যগুলি দেখতে এবং সেগুলির প্রতিলিপি রাখার জন্য অনুমোদিত হবেন। যদি, কর্মচারীটি, গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর না করতে না চান, তাহলে সেগুলি তাঁর নিকট প্রদানের পূর্বে নিপীড়িত শিক্ষার্থীর বক্তব্য, শিক্ষার্থীদের সাক্ষমূলক বক্তব্য, এবং বরিষ্ঠ সাক্ষমূলক বক্তব্যগুলি থেকে নিপীড়িতটির ব্যতীত অন্য যেকোন শিক্ষার্থীর ব্যক্তিগতভাবে চিহ্নিতকরণযোগ্য সকল তথ্য সম্পাদিত

করতে হবে।

5. কথিত নিপীড়িত এবং অভিযুক্ত কর্মচারী সহ প্রামাণিকগুলির এবং সকল সাক্ষের বিশ্বাসযোগ্যতার মূল্যায়ন।

6. প্রত্যেক অভিযোগের জন্য পৃথক ফাইল রক্ষণাবেক্ষণ করুন।

C. শুধুমাত্র স্কুলভিত্তিক অনুসন্ধানের জন্য:

1. অভিযোগটি প্রাপ্তির 10টি স্কুল দিবসের মধ্যে, প্রিন্সিপ্যালকে আবশ্যিকভাবে নির্ধারণ করতে হবে যে অভিযোগটি সমর্থিত কি না এবং আবশ্যিকভাবে প্রত্যেক দোষারোপের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে ব্যাখ্যা প্রদান সহ সম্ভাব্য দৈহিক শাস্তি এবং/অথবা মৌখিক কটুক্তি - অনুসন্ধানের প্রতিবেদন ফর্মটি সম্পূর্ণ করতে হবে(অনুসন্ধানমূলক প্রতিবেদনের ফর্মের সংলগ্নক নং.1 দেখুন)। যদি অপরাধের গুরুত্ব লাঘবকারী পরিস্থিতির কারণে, অনুসন্ধানটি সম্পূর্ণ করার জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়, তাহলে প্রিন্সিপ্যালের সিনিয়ার ফিল্ড কাউন্সেলের সঙ্গে পরামর্শ করা উচিত।

2. যখন একটি SBI সম্পূর্ণ হয়, তখন প্রিন্সিপ্যাল আবশ্যিকভাবে সাক্ষাৎকারের নোটগুলি, লিখিত বক্তব্যসমূহ, এবং অনুসন্ধানের ফলাফলসমূহসহ অনুসন্ধানের প্রতিবেদনটি সিনিয়ার ফিল্ড কাউন্সেলের নিকট স্ক্যান অথবা ফ্যাক্স করবেন। এই বিষয়ে সিনিয়ার ফিল্ড কাউন্সেলের থেকে প্রিন্সিপ্যালের <u>শুধু সমর্থন প্রাপ্তির পরে SBIটিকে সম্পূর্ণ হিসাবে বিবেচনা করা হয়।</u>

D. অনুসন্ধানটি সম্পূর্ণ হলে, প্রিন্সিপ্যাল/দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিটিকে আবশ্যিকভাবে কথিত নিপীড়িতের পিতামাতাকে জানাতে অভিযোগগুলি প্রমাণিত অথবা অপ্রমাণিত কি না।

VII. <u>ব্যক্তিগত পদক্ষেপসমূহ</u>

A. সিনিয়ার ফিল্ড কাউন্সেলের কাছ থেকে অনুসন্ধানটি সম্পূর্ণ হওয়া সম্পর্কে নিশ্চয়তা লাভের পর, প্রিন্সিপ্যাল/সাইট সুপারভাইজার আবশ্যিকভাবে এই প্রবিধানটি লঙ্ঘনকারীরূপে চিহ্নিত যেকোন কর্মী সদস্যের বিরুদ্ধে নিয়মানুবর্তীতামূলক উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন। নিয়মানুবর্তীতামুলক পত্রগুলির ক্ষেত্রে সহায়তার জন্য, প্রিন্সিপ্যালগণ তাঁদের সিনিয়ার ফিল্ড কাউন্সেলের সঙ্গে পরামর্শ করবেন।

B. যখন হয় প্রিন্সিপ্যালের দ্বারা অথবা OSI-দ্বারা কোন একটি অনুসন্ধান সম্পন্ন হয়, অভিযুক্ত কর্মী সদস্যকে আবশ্যিকভাবে অনুসন্ধানের ফলাফল সম্পর্কে অবহিত করতে হবে। যদি অনুসন্ধান চলাকালে অভিযুক্ত কর্মচারীকে তাঁর দায়িত্ব থেকে মুক্ত করা হয়ে থাকে এবং দায়িত্ব থেকে মুক্ত রাখার অন্য কোন কারণ বিদ্যমান না থাকে, তাহলে আবশ্যিকভাবে কর্মচারীকে তাঁর নিয়মিত দায়িত্বে পুনরায় বহাল করতে হবে।

C. একজন কর্মচারী, যিনি এই প্রবিধানটি লঙ্ঘন করেন, নিয়মানুবর্তীতার বিষয়বস্তু হতে পারেন, যেটির মধ্যে বরখাস্ত, অথবা অন্যান্য উপযুক্ত অনুসরণমূলক পদক্ষেপ অন্তর্ভুক্ত হতে পারে। অতিরিক্তভাবে, এই বিধিনিয়মের কোন কিছুই একজন প্রিন্সিপ্যালকে একজন কর্মীর, তাঁর অনুপযুক্ত আচরণের কারণে, যেটি অন্যভাবে এই বিধিনিয়মের লঙ্ঘন করা নয়, সঙ্গে সংশোধনমূলক আলোচনা অথবা নিয়মানুবর্তী করা থেকে রোধ করে না।

D. নিয়মানুবর্তীতার সভায় উপস্থিত সকল অভিযুক্ত কর্মচারীবৃন্দ এবং তাঁদের ইউনিয়নের প্রতিনিধিরা যেকোন প্রকার নিয়মানুবর্তীতামূলক পদক্ষেপ প্রয়োগের পূর্বে সকল সাক্ষভিত্তিক বক্তব্যগুলি দেখতে এবং সেগুলির প্রতিলিপি রাখার জন্য অনুমোদিত হন। যদি, কর্মচারীটি, গোপনীয়তার স্বীকৃতি স্বাক্ষর না করতে না চান, তাহলে সেগুলি তাঁর নিকট প্রদানের পূর্বে নিপীড়িত শিক্ষার্থীর বক্তব্য, শিক্ষার্থীদের সাক্ষমূলক বক্তব্য, এবং প্রাপ্তবয়স্ক সাক্ষীর জবানবন্দি থেকে নিপীড়িত ব্যতীত অন্য যেকোন শিক্ষার্থীর ব্যক্তিগতভাবে চিহ্নিতকরণযোগ্য সকল তথ্য সম্পাদিত করতে হবে।

VIII. <u>গোপনীয়তা</u>

এই অধিনিয়মের অধীনে আনত সকল অভিযোগের সাক্ষী এবং পক্ষগণের গোপনীয়তার প্রতি শ্রদ্ধা করা DOE-এর নীতি। যদিও, অভিযুক্তর প্রতি সংগত সুযোগ প্রদান, এবং/অথবা অভিযোগটির নিষ্পত্তির উদ্দেশ্যে

প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য গোপনীয়তার প্রয়োজনীতাটি আবশ্যিক অনুসন্ধানগুলির সঙ্গে সহযোগিতামূলকভাবে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। স্কুলের কর্মীবৃন্দ, যাঁদের দৈহিক শাস্তির বিষয়ে একটি অনুসন্ধান সম্পর্কে জ্ঞান আছে তাঁদের জন্য অননুমোদিত ব্যক্তিদের নিকট অভিযুক্ত কর্মচারীর(বৃন্দের), নিপীড়িত শিক্ষার্থীর(দের), এবং সাক্ষী(দের) নাম সহ, অভিযোগটি সম্পর্কিত তথ্যসমূহ প্রকাশ করা নিষিদ্ধ।

IX. অনধিকার চর্চা/প্রতিহিংসা চরিতার্থ করা নিষিধ্য

একটি দৈহিক শাস্তি সম্পর্কিত অনুসন্ধানের ক্ষেত্রে অনধিকার চর্চা অথবা প্রতিবন্ধকতা সৃষ্টি, অথবা দৈহিক শাস্তির শিকার, প্রতিবেদন প্রদানকারী, অথবা সাক্ষীদের বিরুদ্ধে বিদ্বেষমূলক আচরণ দৃঢ়ভাবে নিষিদ্ধ এবং নিয়মানুবর্তীতামূলক পদক্ষেপের কারণ হতে পারে। এই প্রকার আচরণগুলি তাত্ক্ষণিকভাবে ফোনে (212) 510-1400-এর নম্বরে অথবা ইমেইলে intake@nycsci.org ঠিকানায় SCI-এর নিকট প্রতিবেদন প্রদান করা উচিত।

X. নিউ ইয়র্ক স্টেট এডুএকেশন ডিপার্টমেন্ট-এর কাছে প্রতিবেদন

প্রত্যেক বছর জানুয়ারি 15 এবং জুলাই 15, শিক্ষা কমিশনারের নিকট দৈহিক শাস্তি বিষয়ক অভিযোগসমূহের একটি অর্ধ-বাত্সরিক প্রতিবেদন প্রদনা করা হয়। প্রতিবেদনটিতে প্রত্যেক অভিযোগের বিষয়বস্তুগুলি, প্রত্যেক অনুসন্ধানের ফলাফলসমূহ, এবং প্রতিটি ক্ষেত্রে স্থানীয় স্কুল কর্তৃপক্ষগুলির দ্বারা গৃহীত পদক্ষেপ, যদি কিছু থাকে, নির্দিষ্ট করা হয়।

XI. প্রশ্ন

এই প্রবিধান সম্পর্কে প্রশ্ন এই ঠিকানায় পাঠাতে হবে:

Office of Special Investigations
N.Y.C. Department of Education
65 Court Street – Room 922
Brooklyn, NY 11201

টেলিফোন:
718-935-3800

স্কুল-ভিত্তিক অনুসন্ধানগুলির জন্য, আপনার
সিনিয়ার ফিল্ড কাউন্সেলের সঙ্গে যোগাযোগ করুন